দৈনিক সংবাদ

তারিখ JUL 9 1999
পৃষ্ঠা ৬ কলাম ৭

150

### ৯ শতাধিক ছাত্রছাত্রীর লেখাপড়া বিঘ্নিত

# টাঙ্গাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তালা এখনো খুলে দেয়া হয়নি

টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা ঃ তালা খুলে দেওয়ার সিদ্ধান্ত নেয়ার দুইদিন পরও জেলা প্রশাসন শহরের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান টাউন প্রাইমারি সরকারি বিদ্যালয় ভবনের তালা খুলে দেয়নি। দীর্ঘ ১৭ দিন যাবৎ ক্লাস বন্ধ থাকায় এই বিদ্যালয়ের ৯ শতাধিক ছাত্রছাত্রীর পড়ালেখা লাটে উঠার উপক্রম হয়েছে। ১৯৭৩ সালে সরকারিকরণকৃত বিদ্যালয়-টিকে অবৈধ দখলদার অভিহিত করে উচ্ছেদ প্রক্রিয়ায় গত ২১শে জুন জেলা প্রশাসন ম্যাজিস্ট্রেট ও পুলিশ পাঠিয়ে বিদ্যালয়ের টিনশেড ভবনে তালা ঝুলিয়ে দেয়।

সেনা প্রশাসন টাউন প্রাইমারি সরকারি বিদ্যালয় ভবনে তালা লাগানোর পর ছাত্র-অভিভাবক, এলাকাবাসী এবং শহরের জনসাধারণের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। উত্তেজনা ছড়িয়ে পড়ে। মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়। ১৯৩৯ সালে প্রতিষ্ঠাতা পূর্ণেন্দু মোহন ঘোষ উকিলের নিজ বাড়ির ৪১ শতাংশ ভূমিতে প্রতিষ্ঠিত এবং ১৯৭৩ সালে বঙ্গবন্ধুর সরকারের ২২নং অর্ডিন্যান্স (৩১-১০-৭৩ তারিখের বাংলাদেশ গেজেট) বলে ৪১ শতাংশ ভূমি ও অবকাঠামোসহ সরকারিকরণকৃত বিদ্যালয়টিকে অবৈধ দখল করে বিদ্যালয় ভবনে তালা লাগানোকে এলাকাবাসী সার্বজনীন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাবিরোধী গভীর ষড়যন্ত্র বলে অভিযোগ করেন। তারা এই বিদ্যালয়টিকে উচ্ছেদ প্রক্রিয়ায় তালা লাগানোর নিন্দা করে ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার জন্য সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে দাবি জানান।

উদ্ভূত পরিস্থিতিতে জেলা প্রশাসকের ডাক গত ৫ই জুলাই বিকেলে সংসদ সদস্য আবদুল মান্নানের উপস্থিতিতে শহরের গণ্যমান্য ব্যক্তিদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অবিলম্বে টাউন প্রাইমারি সরকারি বিদ্যালয় ভবনের তালা খুলে দেয়ার এবং বিদ্যালয় ক্যাম্পাসে নিজের নামে অনুপ্রবেশকারীদের উচ্ছেদের সিদ্ধান্ত নেওয়া হয়। কিন্তু এই সিদ্ধান্ত নেওয়ার ২ দিন পরও জেলা প্রশাসন বিদ্যালয়ের বন্ধ তালা খুলে দেননি। ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।